

2 0 1 4

BENGALI
(Elective)

Paper : 5.1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) ও ; আ ; ই ; ঐ । এর মধ্যে সংবৃত স্বরধ্বনি কোনটি ?

(খ) য ; র ; গ ; ল । এর মধ্যে স্পষ্টব্যঞ্জন কোনটি ?

(গ) অভিশ্রুতির একটি উদাহরণ দাও ।

(ঘ) স্বরসংগতির একটি উদাহরণ দাও ।

(ঙ) শব্দার্থ পরিবর্তনে অর্থসংক্রমের একটি উদাহরণ দাও ।

(চ) “দিদি আসুন ময়দা ঠাসুন আজকে রবিবার”
চরণটি কোন্ ছন্দে রচিত ?

(ছ) স্ননিপ্রধান ছন্দের লয় কী ?

(জ) উৎপ্রেক্ষা অলংকারের একটি উদাহরণ দাও ।

(ক) “চোখে চোখে কথা নয় গো, বন্ধু, আগুনে আগুনে কথা।” কোন্ অলংকারের উদাহরণ ?

(ঞ) “পাইয়া চরণতরি তরি ভবে আশা।” কোন্ অলংকারের উদাহরণ ?

২। প্রশ্নানুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

(ক) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো : সমীভবন

(খ) বাংলা ভাষার দুটি উপভাষার নাম লেখো।

(গ) বাংলা শব্দভাণ্ডারে গৃহীত দুটি ফারসি শব্দের উদাহরণ দাও।

(ঘ) ছেদ ও যতির পার্থক্য নির্দেশ করো।

(ঙ) “তোমাদেরে তবে বাঁশরী করিয়া বাজাইব বনমাঝে।”
কারণ নির্দেশ করে অলংকারের নাম লেখো।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

(ক) স্বরসঙ্গতি এবং অপিনিহিতির মধ্যে সংজ্ঞা ও উদাহরণসহ পার্থক্য নির্দেশ করো।

(খ) সমরূপ শব্দ ও সম্বন্ধনি শব্দ বলতে কী বোঝ ?
উদাহরণসহ বিশদ করো।

(গ) বাংলা ভাষার চলিত রীতি বলতে কী বোঝ ? সাধু রীতির
সঙ্গে এর পার্থক্য উদাহরণসহ নির্দেশ করো।

(ঘ) ছন্দোলিপি প্রস্তুত করো :

“ভূতের মতন চেহারা যেমন নির্বোধ অতি ঘোর—
যা-কিছু হারায় গিন্গি বলেন, কেপ্টা বেটাই চোর।”

(ঙ) ছন্দোলিপি প্রস্তুত করো :

“বীর্য দেহ তোমার চরণে পাতি শির,
অহনিশি আপনারে রাখিবারে স্থির।”

(চ) উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করে পার্থক্য দেখাও :

সন্দেহ এবং অপহুতি

৪। ক—গুচ্ছ, খ—গুচ্ছ এবং গ—গুচ্ছ ; প্রতি গুচ্ছ থেকে অন্তত
একটি করে মোট চারটি প্রশ্নের উত্তর দাও : $10 \times 8 = 80$

ক—গুচ্ছ

(ক) প্রাচীন বাংলার লক্ষণগুলো উদাহরণসহ বিবৃত করো।

(খ) তদ্ভব শব্দ বলতে কী বোঝ? বাংলা শব্দভাণ্ডার থেকে
বিভিন্ন প্রকার তদ্ভব শব্দের উদাহরণ দিয়ে বিষয়টি বিশদ
করো।

(গ) যথেষ্ট পরিমাণ উদাহরণসহ শব্দার্থ-পরিবর্তনের ত্রিধারা
সম্পর্কে আলোকপাত করো।

(ঘ) বাংলা ভাষা যে প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বিভিন্ন
স্তর অতিক্রম করে বিবর্তিত হয়ে এসেছে তা যুক্তিসহ
প্রমাণ করো।

খ—গুচ্ছ

- (ক) তানপ্রধান ছন্দের সঙ্গে ধ্বনিপ্রধান ছন্দের পার্থক্যগুলো উদাহরণসহ নির্দেশ করো।
- (খ) বাংলা তিন প্রকার ছন্দে পর্ব-বিভাজন ও মাত্রাবিচারের পার্থক্য উদাহরণসহ নির্দেশ করো।

গ—গুচ্ছ

- (ক) রূপক অলংকারের শ্রেণিবিন্যাস করে উদাহরণসহ প্রতিটি বিভাগের পরিচয় দাও।
- (খ) অলংকারকে শব্দালংকার এবং অর্থালংকার ভেদে বিভাজনের যৌক্তিকতা উদাহরণসহ আলোচনা করো।

★ ★ ★